গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা

**বিষয়:** পরিকল্পনা বিভাগের বাজেট ব্যবস্থাপনা কমিটির (BMC) সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | প্রদীপ রঞ্জন চক্রবর্তী<br>সচিব, পরিকল্পনা বিভাগ |
| তারিখ | : | ১১ এপ্রিল ২০২২ |
| সময় | : | বেলা-২.৩০ ঘটিকা |
| স্থান | : | এনইসি সম্মেলন কক্ষ, পরিকল্পনা বিভাগ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' |

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অর্থ বিভাগের নির্দেশনার আলোকে বাজেট এবং এপিএ বাস্তবায়ন করার জন্য তিনি সকল কর্মকর্তার প্রতি আহ্বান জানান।

২.০ আলোচ্যসূচি-১: বিগত সভার কার্যবিবরণী অনুমোদন: গত ০৩/০১/২০২২ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরনী পাঠান্তে দৃঢ়ীকরণ করা হয়।

২.১ আলোচনাঃ

সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য ও পরিকল্পনা বিভাগের বাজেট অফিসার সভাকে অবহিত করেন যে, গত ০৩/০৩/২০২২ তারিখে অর্থ বিভাগে অনুষ্ঠিত ত্রিপক্ষীয় সভার রেকর্ড নোটস অনুযায়ী মধ্যমেয়াদি বাজেট কাঠামোর আওতায় পরিকল্পনা বিভাগের ২০২২-২৩ অর্থবছরের রাজস্ব প্রাপ্তি এবং ব্যয়ের (পরিচালন ব্যয় ও উন্নয়ন ব্যয়) বাজেট প্রাক্কলন এবং ২০২৩-২৪ ও ২০২৪-২৫ অর্থবছরের জন্য প্রক্ষেপণের সিলিং প্রদান করা হয়েছে। তাছাড়া, ত্রি-পক্ষীয় সভার সিদ্ধান্ত মোতাবেক পরিকল্পনা বিভাগ ও এর আওতাধীন সংস্থাসমূহের সামগ্রিক বাজেট কাঠামো (প্রথম ও দ্বিতীয়ভাগ) কিছু পরিমার্জন/সংশোধন করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়।

২.২ সিদ্ধান্তঃ

ত্রি-পক্ষীয় সভায় পর্যবেক্ষণ অনুযায়ী উপস্থাপিত মন্ত্রণালয়/বিভাগের পরিমার্জনকৃত/সংশোধনকৃত সামগ্রিক বাজেট কাঠামো (সংলাগ-০১) চূড়ান্তকরণে সুপারিশ করা হলো।

৩.০ আলোচ্যসূচি-২: **পরিকল্পনা বিভাগ ও এর আওতাধীন সংস্থাসমূহের পরবর্তী ২০২২-২৩ অর্থবছরের রাজস্ব প্রাপ্তির প্রাথমিক লক্ষ্যমাত্রা এবং ব্যয় প্রাক্কলন ও ২০২৩-২৪ ও ২০২৪-২৫ অর্থবছরের বাজেট প্রক্ষেপণ চূড়ান্তকরণ।**

৩.১ পরিকল্পনা বিভাগের ২০২২-২৩ অর্থবছরের রাজস্ব প্রাপ্তি এবং ব্যয়ের (পরিচালন ব্যয় ও উন্নয়ন ব্যয়) বাজেট প্রাক্কলন এবং ২০২৩-২৪ ও ২০২৪-২৫ অর্থবছরের বাজেট প্রক্ষেপণ চূড়ান্তকরণের লক্ষ্যে সভায় উপস্থাপন করা হয়। উপস্থাপনায় দেখা যায় যে, অর্থ বিভাগ হতে প্রাপ্ত বরাদ্দের সিলিং, ত্রি-পক্ষীয় সভার সিদ্ধান্ত অনুযায়ী পরিকল্পনা বিভাগের সচিবালয়, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান এবং উন্নয়ন প্রকল্পসমূহের অনুকূলে বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ নিম্নরূপ:

**(ক) রাজস্ব প্রাপ্তির প্রাক্কলন ও প্রক্ষেপণঃ**

(অংকসমূহ কোটি টাকায়)

| কোড | মন্ত্রণালয়/বিভাগ | বাজেট ২০২২-২৩ | প্রক্ষেপণ ২০২৩-২৪ | প্রক্ষেপণ ২০২৪-২৫ |
|---|---|---|---|---|
| ১১৪ | পরিকল্পনা বিভাগ | ১.৬২ | ১.৭৮ | ১.৯৬ |

**(খ) প্রস্তাবিত ব্যয়সীমা**

(অংকসমূহ কোটি টাকায়)

| মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা | পরিকল্পনা বিভাগ কর্তৃক প্রস্তাবিত ২০২২-২৩ | ত্রি-পক্ষীয় সভায় অর্থ বিভাগ কর্তৃক সুপারিশকৃত ২০২২-২৩ | প্রক্ষেপণ | | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | |
| সচিবালয়, পরিকল্পনা বিভাগ (সাধারণ কার্যক্রম) | ৮৯.৪১ | ৮১.০১ | ৯৮.৬৯ | ১০৮.৮৪ | অর্থ বিভাগ কর্তৃক বরাদ্দ হ্রাস করা হয়েছে। |
| সচিবালয়, পরিকল্পনা বিভাগ (বিশেষ কার্যক্রম) | ০.৩০ | ০.৩০ | ০.৫০ | ০.৭০ | |
| বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান | ১০.৮০ | ১০.৩৫ | ১০.৯০ | ১১.৫৬ | |
| মোটঃ পরিচালন ব্যয় | ১০০.৫১ | ৯১.৬৬ | ১১০.০৯ | ১২১.১০ | |
| উন্নয়ন ব্যয় (পরিকল্পনা বিভাগ) | ১৩৩.২০ | ১১৩.২৩ | ১৫৩.৫১ | ১৬৮.৮৬ | |
| সর্বমোটঃ (পরিচালন ব্যয় ও উন্নয়ন ব্যয়) | ২৩৩.৭১ | ২০৪.৮৯ | ২৬৩.৬০ | ২৮৯.৯৬ | |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

৩.২ ত্রি-পক্ষীয় সভার রেকর্ড নোটস অনুযায়ী রাজস্ব প্রাপ্তির সম্ভাব্য লক্ষ্যমাত্রা এবং প্রস্তাবিত ব্যয়সীমার (বাজেট সিলিং) ভিত্তি পরিকল্পনা বিভাগের সচিবালয়, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান এবং উন্নয়ন প্রকল্পসমূহের বিপরীতে কোড অনুযায়ী প্রণীত বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ সভায় উপস্থাপন করা হয়। উপস্থাপিত বাজেট (রাজস্ব প্রাপ্তি, পরিচালন ব্যয় এবং উন্নয়ন ব্যয়) এর উপর সভায় বিস্তারিত আলোচনাপূর্বক তা সুপারিশের বিষয়ে ঐকমত্য পোষণ করা হয়।

৪.০ **সিদ্ধান্তঃ**

৪.১ রাজস্ব প্রাপ্তির সম্ভাব্য লক্ষ্যমাত্রা এবং প্রস্তাবিত ব্যয়সীমার ভিত্তিতে পরিকল্পনা বিভাগের ২০২২-২০২৩ অর্থবছরের রাজস্ব প্রাপ্তি, পরিচালন ব্যয় ও উন্নয়ন ব্যয় এর প্রাক্কলন এবং ২০২৩-২৪ ও ২০২৪-২৫ অর্থবছরের প্রক্ষেপণ নিম্নরূপভাবে অনুমোদনের সুপারিশ করা হয়ঃ

**(ক) রাজস্ব ও মুলধন প্রাপ্তির প্রাক্কলন ও প্রক্ষেপণ (সাধারণ কার্যক্রম)**

(অংকসমূহ হাজার টাকায়)

| অর্থনৈতিক কোড/বিবরণ | ২০২১-২২ | | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | বাজেট | সংশোধিত বাজেট | প্রাক্কলন | প্রক্ষেপণ | প্রক্ষেপণ | |
| ১১৪০১০১১০৩৩৬৩-সচিবালয়, পরিকল্পনা বিভাগঃ | | | | | | বিস্তারিত পতাকা-'ক' |
| ১৪- অন্যান্য রাজস্ব | ১,২০,০০ | ১,৬৩,৮০ | ১,৩৫,০০ | ১,৪৮,৫০ | ১,৬৪,০০ | |
| ৭২-আর্থিক সম্পদ | ২৭,০০ | ১৫,০০ | ২৭,০০ | ২৯,৫০ | ৩২,০০ | |
| মোট-রাজস্ব ও প্রাপ্তি (সচিবালয়): | ১,৪৭,০০ | ১,৭৮,৮০ | ১,৬২,০০ | ১,৭৮,০০ | ১,৯৬,০০ | |

**(খ) পরিচালন ব্যয়ের প্রাক্কলন ও প্রক্ষেপণ (সাধারণ কার্যক্রম, সচিবালয়)**

(অংকসমূহ হাজার টাকায়)

| অর্থনৈতিক কোড/বিবরণ | ২০২১-২২ | | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | বাজেট | সংশোধিত | প্রাক্কলন | প্রক্ষেপণ | প্রক্ষেপণ | |
| ১১৪০১০১১০৩৩৬৩-সচিবালয়, পরিকল্পনা বিভাগঃ | | | | | | বিস্তারিত পতাকা-'খ' |
| ৩১-কর্মচারীদের প্রতিদান | ৫১,৫৬,৯৯ | ৪৬,১৬,৪৬ | ৫৭,২৯,২০ | ৫৬,২৭,৬৭ | ৬১,২৪,৪৮ | |
| ৩২-পণ্য ও সেবার ব্যবহার | ১৭,৬৩,১১ | ১৬,৪৯,১১ | ১৯,৫১,৪০ | ২৩,৯৪,৬৩ | ২৩,৩৩,০৭ | |
| ৩৯. সংরক্ষিত সাধারণ থোক বরাদ্দ | ৪৫,৫০ | - | ০০ | ১৪,৪৮,৭০ | ১৯,১৯,৪৫ | |
| ৪১-অ-আর্থিক সম্পদ | ৩,৮৪,৪০ | ৩,৬০,০০ | ৪,২০,৪০ | ৩,৯৮,০০ | ৫,০৭,০০ | |
| মোট-সাধারণ কার্যক্রম (সচিবালয়): | ৭৩,৫০,০০ | ৬৬,২৫,৫৭ | ৮১,০১,০০ | ৯৮,৬৯,০০ | ১০৮,৮৪,০০ | |

(গ) **পরিচালন ব্যয়ের প্রাক্কলন ও প্রক্ষেপণ (বিশেষ কার্যক্রম, সচিবালয়)**

(অংকসমূহ হাজার টাকায়)

| অর্থনৈতিক কোড/বিবরণ | ২০২১-২২ | | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | বাজেট | সংশোধিত | প্রাক্কলন | প্রক্ষেপণ | প্রক্ষেপণ | |
| ১১৪০১০১১০৩৩৬৩-সচিবালয়, পরিকল্পনা বিভাগঃ | | | | | | বিস্তারিত পতাকা-'গ' |
| ৭২-আর্থিক সম্পদ | ১৫,০০ | ৮,৭৫ | ৩০,০০ | ৫০,০০ | ৭০,০০ | |
| মোট-বিশেষ কার্যক্রম (সচিবালয়): | ১৫,০০ | ৮,৭৫ | ৩০,০০ | ৫০,০০ | ৭০,০০ | |

(ঘ) **পরিচালন ব্যয়ের প্রাক্কলন ও প্রক্ষেপণ (সহায়তা কার্যক্রম)**

(অংকসমূহ হাজার টাকায়)

| অর্থনৈতিক কোড/বিবরণ | ২০২১-২২ | | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | বাজেট | সংশোধিত | প্রাক্কলন | প্রক্ষেপণ | প্রক্ষেপণ | |
| স্বায়ত্তশাসিত ও অন্যান্য প্রতিষ্ঠান | | | | | | |
| ১৩১০০২৪০০-বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান | ৯,৮১,০০ | ১০,১১,০০ | ১০,৩৫,০০ | ১০,৯০,০০ | ১১,৫৬,০০ | বিস্তারিত পতাকা-'ঘ' |
| মোট-সহায়তা কার্যক্রম (স্বায়ত্তশাসিত ও অন্যান্য প্রতিষ্ঠান): | ৯,৮১,০০ | ১০,১১,০০ | ১০,৩৫,০০ | ১০,৯০,০০ | ১১,৫৬,০০ | |
| সর্বমোট- পরিচালন ব্যয়,পরিকল্পনা বিভাগ (খ+গ+ঘ): | ৯২,২৪,০০ | ৭৬,৪৫,৩২ | ৯১,৬৬,০০ | ১১০,০৯,০০ | ১২১,১০,০০ | |

**(ঙ) উন্নয়ন ব্যয়ের প্রাক্কলন ও প্রক্ষেপণঃ**

(অংকসমূহ হাজার টাকায়)

| অনুমোদিত প্রকল্প/বিবরণ | ২০২১-২২ | | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | বাজেট | সংশোধিত | প্রাক্কলন | প্রক্ষেপণ | প্রক্ষেপণ | |
| উপমোট প্রকল্প: | ১২৬,৮৮,০০ | ৫৩,৬৪,০০ | ১০৮,২৩,০০ | ১৫৩,৫১,০০ | ১৬৮,৮৬,০০ | বিস্তারিত পতাকা-'চ' |
| অননুমোদিত প্রকল্পের জন্য থোক: | - | - | ৫,০০,০০ | ০ | ০ | |
| মোট-উন্নয়ন ব্যয়,পরিকল্পনা বিভাগ: | ১২৬,৮৮,০০ | ৫৩,৬৪,০০ | ১১৩,২৩,০০ | ১৫৩,৫১,০০ | ১৬৮,৮৬,০০ | |
| সর্বমোট (পরিচালন+উন্নয়ন ব্যয়) (খ+গ+ঘ+ঙ): | ২১৯,১২,০০ | ১৩০,০৯,৩২ | ২০৪,৮৯,০০ | ২৬৩,৬০,০০ | ২৮৯,৯৬,০০ | |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

**৫.০ আলোচ্যসূচি-৩: চলতি ২০২১-২০২২ অর্থবছরের ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ/২০২২) এর বাজেট বাস্তবায়ন পরিবীক্ষণ প্রতিবেদন পর্যালোচনা ও অনুমোদন।**

**৫.১ আলোচনাঃ** পরিকল্পনা বিভাগের বাজেট অফিসার পরিকল্পনা বিভাগ এবং এর আওতাধীন সংস্থাসমূহের চলতি ২০২১-২২ অর্থবছরের বাজেট বাস্তবায়ন পরিকল্পনার বিপরীতে বাস্তবায়ন অগ্রগতির (রাজস্ব প্রাপ্তি, পরিচালন ব্যয় ও উন্নয়ন ব্যয়) বিষয়ে বিস্তারিত তথ্য উপস্থাপন করেন। তিনি বলেন যে, পরিকল্পনা বিভাগের হিসাব শাখা এবং সিএও অফিস হতে জানুয়ারি ২০২২ হতে মার্চ ২০২২ পর্যন্ত রাজস্ব প্রাপ্তি ও পরিচালন ব্যয়ের তথ্য সংগ্রহ করা হয়েছে। তাছাড়া উন্নয়ন ব্যয়ের তথ্য পরিকল্পনা বিভাগের পরিকল্পনা শাখা হতে সংগ্রহ করা হয়েছে।

**৫.২ সিদ্ধান্তঃ**

চলতি ২০২১-২০২২ অর্থবছরের নিম্নবর্ণিত ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ/২০২২) বাজেট বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন সর্বসম্মতিক্রমে অনুমোদিত এবং অর্থ বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

**(ক) রাজস্ব প্রাপ্তিঃ**

১১৪০১০১১০৩৩৬৩-সচিবালয়, পরিকল্পনা বিভাগ।

(অংকসমূহ হাজার টাকায়)

| মন্ত্রণালয়/বিভাগ | লক্ষ্যমাত্রা ২০২১-২২ | | | | মোট প্রাপ্তি/লক্ষ্যমাত্রা ২০২১-২২ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | প্রথম কোয়ার্টার | দ্বিতীয় কোয়ার্টার | তৃতীয় কোয়ার্টার | চতুর্থ কোয়ার্টার | | |
| মোট লক্ষ্যমাত্রা পরিকল্পনা বিভাগ = | ১১,৯৮ | ১,৪৬,২২ | ১০,৬০ | ১০,০০ | ১,৭৮,৮০ | বিস্তারিত পতাকা-'ছ' |
| মোট প্রকৃত প্রাপ্তি পরিকল্পনা বিভাগ = | ১০,৩৭ | ১,৪৪.৫৪ | ১২.২৮ | - | ১,৬৭,০০ | |

**(খ) পরিচালন কার্যক্রম**

১১৪০১০১১০৩৩৬৩-সচিবালয়, পরিকল্পনা বিভাগ।

(অংকসমূহ হাজার টাকায়)

| কার্যক্রম | বিবরণ | প্রাক্কলিত ব্যয় ২০২১-২২ | | | | মোট বাজেট বরাদ্দ/প্রাক্কলিত ব্যয় ২০২১-২২ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | প্রথম কোয়ার্টার | দ্বিতীয় কোয়ার্টার | তৃতীয় কোয়ার্টার | চতুর্থ কোয়ার্টার | | |
| পরিচালন কার্য ক্রম | (ক) সাধারণ কার্যক্রমঃ | | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ১৩,৬০,৯১ | ১৬,৭৪,২৬ | ১৬,৯৬,৮১ | ১৮,৯৩,৫৯ | ৬৬,২৫,৫৭ | বিস্তারিত পতাকা-'জ' |
| | প্রকৃত | ১১,৯৮,৯৩ | ১২,২৫,৬৩ | ১২,১৭,৬৭ | - | ৩৬,৬৮,৪০ | |
| | (খ) বিশেষ কার্যক্রম | | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ১,৩০ | ২,৭৫ | ২,৩০ | ২,৪০ | ৮,৭৫ | বিস্তারিত পতাকা-'ঝ' |
| | প্রকৃত | ১,৩০ | ২,২৫ | ১,১০ | - | ৪,৬৫ | |
| | সহায়তা কার্যক্রমঃ | | | | | | |
| | (গ) বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান | | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ২,৪৫,২৫ | ২,৪৫,২৫ | ২,৪৫,২৫ | ২,৮২,৭৫ | ১০,১১,০০ | |
| | প্রকৃত | ২,৪৫,২৫ | ২,৪৫,২৫ | ২,৪৩,১০ | - | ৭,৩৩,৬০ | |
| মোট প্রাক্কলিত ব্যয় (পরিচালন) | | ১৬,০৭,৪৬ | ১৯,২২,২৬ | ১৯,৪৪,৩৬ | ২১,৭১,২৪ | ৭৬,৪৫,৩২ | |
| মোট প্রকৃত ব্যয় (পরিচালন) | | ১৪,৪৫,৪৮ | ১৪,৭৩,১৩ | ১২,১৮,৭৭ | - | ৪১,৬৩,৫৫ | |

**(গ) উন্নয়ন কার্যক্রম**

১১৪০১০১১০৩৩৬৩-সচিবালয়, পরিকল্পনা বিভাগ।

(অংকসমূহ হাজার টাকায়)

| কার্যক্রম | বিবরণ | প্রাক্কলিত ব্যয় ২০২১-২২ | | | | মোট বাজেট বরাদ্দ/প্রাক্কলিত ব্যয় ২০২১-২২ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | প্রথম কোয়ার্টার | দ্বিতীয় কোয়ার্টার | তৃতীয় কোয়ার্টার | চতুর্থ কোয়ার্টার | | |
| উন্নয়ন কার্যক্রম, পরিকল্পনা বিভাগ | **উন্নয়ন ব্যয়, পরিকল্পনা বিভাগ** | | | | | | |
| | প্রাক্কলিত ব্যয় | ৩০,৭৭,০০ | ৩০,৭৮,০০ | ৩০,৭৭,০০ | ৩০,৭৭,০০ | ১২৩,০৯,০০ | সংলাগ-০৭ |
| | প্রকৃত | ১৮,৪৭,০৮ | ৮,৬৩,১১ | ৯,৪৬,৬২ | - | ৩৬,৫৬,৮১ | |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

৬.০০ **পরিকল্পনা বিভাগের চলতি ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (APA) ৩য় ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:**

সভায় পরিকল্পনা বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২২ এর ৩য় ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন (জানুয়ারি-মার্চ/২০২২) সভায় উপস্থাপন করা হয়। সভাকে জানানো হয় যে, এপিএ'র বার্ষিক কর্মপরিকল্পনায় নির্ধারিত ২৭টি কর্মসম্পাদন সূচকের মধ্যে এ পর্যন্ত ১১টি পূর্ণ বাস্তবায়িত হয়েছে। অবশিষ্ট ১৬টি সময়ভিত্তিক হওয়ায় বাস্তবায়ন প্রক্রিয়া চলমান। উল্লেখ্য, বাস্তবায়নাধীন কর্মসম্পাদন সূচকের মধ্যে কর্মসম্পাদন সূচক ১.২.১ 'এসএসআরসি' এর গবেষণা পত্র দাখিল ৩৬টি'র মধ্যে ১৫টি; কর্মসম্পাদন সূচক ২.৪.১ এর ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা বিষয়ে ২০০ জনের প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা এখনও অর্জিত হয়নি। অন্যদিকে এনএপিডি-এর কর্মসম্পাদন সূচক ৪.১.১ ও ৪.২.১ এর শূন্যপদে নিয়োগ ও নিয়োগের ছাড়পত্র প্রদান বিষয়ে প্রথম পরিকল্পনা বিভাগ থেকে গত ১৮/১১/২০২১ তারিখে ছাড়পত্র প্রদান করা হয়। ঐ ছাড়পত্রের মেয়াদ উত্তীর্ণ হওয়ায় NAPD থেকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ছাড়পত্র গ্রহণের জন্য পুনরায় ১৮/০৩/২০২২ তারিখে পত্র প্রদান করা হয়েছে। অন্যান্য সূচকসমূহের বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে। আলোচনায় অংশগ্রহণ করে এসএসআরসি এর প্রতিনিধি সভাকে জানান যে, চলতি অর্থবছরের অবশিষ্ট মেয়াদে এসএসআরসি সংশ্লিষ্ট সূচকের লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে। জিইডি'র প্রতিনিধি জানান যে, ২০০ জন (৯ম গ্রেড থেকে তদূর্ধ) কর্মকর্তার প্রশিক্ষণ প্রদানের কার্যক্রম চূড়ান্ত করা হয়েছে। আগামী ২১ এপ্রিল/২০২২ থেকে পর্যায়ক্রমে প্রশিক্ষণ প্রদান করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

৭.০০ **বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:**

(ক) পরিকল্পনা বিভাগের চলতি ২০২১-২২ অর্থবছরের এপিএ এর ৩য় ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগের এপিএএমএস সফটওয়্যারে এন্ট্রি প্রদান করতে হবে;

(খ) বাস্তবায়িত কর্মসম্পাদন সূচকের অনুকূলে প্রমাণ সংরক্ষণ ও টপশিট প্রণয়ন করতে হবে;

(গ) অসমাপ্ত কর্মসম্পাদন সূচকসমূহ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে;

(ঘ) ২.৪.১ নং সূচকে ২০০ জনকে প্রশিক্ষণ প্রদান করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এখনও প্রশিক্ষণ কার্যক্রম শুরু করা হয়নি। তবে ট্রেনিং কারিকুলাম প্রস্তুত করা হয়েছে। প্রণীত কারিকুলাম মোতাবেক প্রশিক্ষণ কর্মসূচি নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে।

৮.০ পরিশেষে আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
১২/০৪/২০২২
প্রদীপ রঞ্জন চক্রবর্তী
সচিব
ও
সভাপতি, বাজেট ব্যবস্থাপনা কমিটি
পরিকল্পনা বিভাগ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা
২. মহাপরিচালক, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি, (এনএপিডি) নীলক্ষেত, ঢাকা
৩. অতিরিক্ত সচিব (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা
৪. মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান, (বিআইডিএস) আগারগাঁও, ঢাকা
৫. প্রধান (সকল), পরিকল্পনা কমিশন, ঢাকা
৬. যুগ্মসচিব, (প্রশাসন/পিটিসি), পরিকল্পনা বিভাগ, ঢাকা
৭. যুগ্মপ্রধান, এনইসি, একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, ঢাকা
৮. যুগ্মসচিব, বাজেট-৮, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৯. উপসচিব (সাধারণ-১/২/এসএসআরসি/এপিএ/পিটি/পরিকল্পনা), পরিকল্পনা বিভাগ, ঢাকা
১০. চিফ এ্যাকাউন্টস এবং ফিন্যান্স অফিসার, পরিকল্পনা বিভাগ, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা
১১. সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা
১২. হিসাবরক্ষণ কর্মকর্তা/বাজেট অফিসার, পরিকল্পনা বিভাগ, ঢাকা

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা
২. প্রোগ্রামার, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা **(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)**
৩. অতিরিক্ত সচিব (বাজেট ও এপিএ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, ঢাকা
৪. সংশ্লিষ্ট নথি

২১/৪/2022

(মোঃ রফিকুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৪৮১১২০৫৮
ro.pms@plandiv.gov.bd